

PRINT

# সমকাল

## সাউথইস্ট বিশ্ববিদ্যালয়ে আইকিউএসি প্রজেক্টের সমাপনী কর্মশালা

১৩ ঘণ্টা আগে



সাউথইস্ট বিশ্ববিদ্যালয়ের (এসইউ) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) প্রজেক্টের সমাপনী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে সম্প্রতি। রাজধানীর বনানীতে বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে কর্মশালাটি অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এএনএম মেশকাত উদ্দীনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে কর্মশালা উদ্বোধন করেন বাংলাদেশ অ্যাক্রেডিটেশন কাউন্সিলের সভাপতি অধ্যাপক ড. মেসবাহ উদ্দিন আহমেদ। সমাপনী অধিবেশনে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) কোয়ালিটি অ্যাসুরেন্স ইউনিটের প্রধান

অধ্যাপক ড. সঞ্জয় কুমার অধিকারী।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য দেন অধ্যাপক ড. সঞ্জয় কুমার অধিকারী, সাউথইস্ট বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের সদস্য এম কামালউদ্দিন চৌধুরী এবং বোর্ড অব ট্রাস্টিজের উপদেষ্টা অধ্যাপক ড. এএফএম মফিজুল ইসলাম।

পরে বিশ্ববিদ্যালয়ের সেলফ-এসেসমেন্ট কমিটির প্রধানরা তাদের বিভাগের উন্নয়ন পরিকল্পনা উপস্থাপন করেন। অনুষ্ঠানে অন্যদের মধ্যে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য, রেজিস্ট্রার, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, পরিচালক ও শিক্ষকরা উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।

---

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,  
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com